



স্মারক নম্বর- ৪৩.২২.০০০০.০২৬.০৫.২২. ১৮৬

তারিখ: ১৫.১০.২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২২ তারিখ আহসান মঞ্জিল জাদুঘরে শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন।

স্বাধীনতার মহান ছুপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল-এর জন্মদিন ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস ২০২২ উদযাপনের নিমিত্তে ১৮ অক্টোবর ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় আহসান মঞ্জিল জাদুঘরে শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগীদের জন্য নিম্নরূপভাবে বিভাগ ও বিষয় নির্ধারণ করা হয়েছে:

বিভাগ	শ্রেণি	বিষয়
ক-বিভাগ	শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি	উনুক্ত (ইচ্ছেমত)
খ-বিভাগ	তৃতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি	আমার তুলিতে শেখ রাসেল
গ-বিভাগ	ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি	আমার তুলিতে শেখ রাসেল
ঘ-বিভাগ	নবম শ্রেণি থেকে দশম শ্রেণি	আমার তুলিতে শেখ রাসেল

- ০২। রেজিস্ট্রেশনের শেষ সময় আগামী ১৮ অক্টোবর ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকা। অংশগ্রহণে ইচ্ছুক শিশু-কিশোরদের জাদুঘরে উপস্থিত হয়ে বিদ্যালয় প্রদত্ত আইডি কার্ডের ফটোকপি/প্রত্যয়নপত্র জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন (শিক্ষার্থীর নাম, শ্রেণি, বিদ্যালয়ের নাম, বাবা/মায়ের টেলিফোন নম্বর) করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য কোন 'ফি' লাগবে না। রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগের ঠিকানা: ডিসপে অফিসার, আহসান মঞ্জিল জাদুঘর, ঢাকা, ফোন: ০২৫৭৩৯৬৫০৭।
- ০৩। জাদুঘর থেকে প্রতিযোগিতায় চিত্রাঙ্কনের জন্য কাগজ সরবরাহ করা হবে। প্রতিযোগীদের পেন্সিল, রাবার, ক্লিপবোর্ড, রং ও আনুষঙ্গিক উপকরণ সঙ্গে আনতে হবে।
- ০৪। অংশগ্রহণকারীদের সকাল ১০:৩০ ঘটিকার মধ্যে অবশ্যই জাদুঘরে উপস্থিত হতে হবে।
- ০৫। একই দিনে (১৮ অক্টোবর ২০২২ তারিখ) বেলা ২:০০ ঘটিকায় জাদুঘরের নোটিশ বোর্ডে ফলাফল প্রদর্শন করা হবে। বিজয়ীদের যথাসময়ে পুরস্কার প্রদানের ব্যবস্থা করা হবে।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শিশু শ্রেণি থেকে দশম শ্রেণির শিক্ষার্থীদের প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মো. সেরাজুল ইসলাম

১৫/১০/২০২২  
মো. সেরাজুল ইসলাম

উপ-কীপার

আহসান মঞ্জিল জাদুঘর

ফোন নম্বর: ০২-৫৭৩৯১১২২

ই-মেইল : [ahsanmanzil1992@gmail.com](mailto:ahsanmanzil1992@gmail.com)